# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯৫

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৫. কোনো লোকের সমস্ত সম্পদ সাদাকা করা নিষেধ

بَاب النَّهْيِ عَنْ الصَّدَقَةِ بِجَمِيعِ مَا عِنْدَ الرَّجُلِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ دُحَيْمٌ حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَسْلَمَةَ عَنْ إِسْمَعِيلَ بْنِ أُمَيَّةَ عَنْ الزُّهْرِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لُبَابَةَ أَنَّ أَبَا لُبَابَةَ أَخْبَرَهُ أَنَّهُ لَمَّا رَضِيَ عَنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ مِنْ تَوْبَتِي أَنْ أَهْجُرَ دَارَ قَوْمِي وَأُسَاكِنَكَ وَأَنْخَلِعَ مِنْ مَالِي صَدَقَةً لِلَّهِ وَلِرَسُولِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُجْزِي عَنْكَ الثُّلُثُ

বাংলা

১৬৯৫. আব্দুর রহমান ইবনু আবী লুবাবাহ হতে বর্ণিত, আবী লুবাবাহ তার নিকট বর্ণনা করেছেন যে, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম তার প্রতি সন্তুষ্ট হলেন, তখন তিনি বলেন, ইয়া রাসূলুল্লাহ! আমার তওবা (সম্পূর্ণ করার উদ্দেশ্যে) আমি আমার সম্প্রদায়ের বাসস্থান হতে হিজরত করে আপনার নিকট বসবাস করতে চাই এবং আমার সমস্ত মাল আল্লাহর উদ্দেশ্যে ও তাঁর রাসূলের জন্য সাদাকা হিসেবে দান করে দিতে চাই। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন: “তোমার (মালের) এক তৃতীয়াংশ (সাদাকা করা)-ই যথেষ্ট।”[1]

ফুটনোট

[1]তাহক্বীক্ব: এর সনদে দু'টি ত্রুটি বিদ্যমান। এক. সাঈদ ইবনুল মাসলামাহ যয়ীফ; দুই. আব্দুর রহমান ইবনু আবী লুবাবাহ পরিচয়হীনতা। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৩৭১ ও মাওয়ারিদুয যামআন নং ৮৪১ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন